প্রথম আলো



বাংলাদেশ

‘প্রথম আলো-এনএসইউ মেরিট স্কলারশিপ’

# সাংবাদিকতায় সরাসরি জনগণের জন্য কাজ করা যায়

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা



‘প্রথম আলো-এনএসইউ মেরিট স্কলারশিপ’ প্রদান অনুষ্ঠানে (বাঁ থেকে) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বাবা মো. হাসান ইমাম চৌধুরী, শিক্ষার্থী তাসমিম তাবাসসুম চৌধুরী, রাজনীতি ও সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক রিজওয়ান উল আলম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক এস কে তৌফিক এম হক, প্রথম আলো সম্পাদক মতিউর রহমান ও বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান। নর্থ সাউথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা, ৪ ফেব্রুয়ারি | *ছবি : দীপু মালাকার*

সাংবাদিকতায় সরাসরি জনগণের জন্য কাজ করার সুযোগ রয়েছে। ভালো সাংবাদিক হওয়ার জন্য সব বিষয়ে

ফলো করুন শেয়ার করুন

টিকে আছে প্রথম আলো। মেধাবৃত্তি উদ্যোগের সঙ্গে যুক্ত হয়ে প্রথম আলো উদারতা ও গভীরতার পরিচয় দিয়েছে। অন্যদের জন্য উদাহরণ সৃষ্টি করেছে।

আজ রোববার ‘প্রথম আলো-এনএসইউ মেরিট স্কলারশিপ’ প্রদান অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান ও প্রথম আলোর পক্ষে সম্পাদক মতিউর রহমান ‘প্রথম আলো-এনএসইউ মেরিট স্কলারশিপ’ বিজয়ী শিক্ষার্থী তাসমিম তাবাসসুম চৌধুরীর হাতে বৃত্তি সনদ তুলে দেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে এনএসইউর রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ার রেজওয়ান খায়ের সবাইকে অভিনন্দন জানান। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, ‘এটা তোমাদের জন্য বিশেষ একটি অনুষ্ঠান। আশা করি, বিশ্ববিদ্যালয় থেকে তোমরা সততা ও মূল্যবোধ নিয়ে বের হবে।’

রাজনীতি ও সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক রিজওয়ান উল আলম বলেন, জনগণের দাবি সরকারের কাছে উত্থাপনের কাজ করেন সাংবাদিকতা। সরাসরি জনগণের জন্য কাজ করার সুযোগ রয়েছে সাংবাদিকতায়। সম্ভবত নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ই প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয়, যার সঙ্গে দেশের শীর্ষস্থানীয় একটি পত্রিকার অংশীদারত্ব হলো। দেশের চতুর্থ স্তম্ভ হিসেবে প্রতিকূলতার বিরুদ্ধে সাহসী সাংবাদিকতা নিয়ে প্রথম আলো টিকে আছে।

বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক এস কে তৌফিক এম হক বলেন, এনএসএইউ দেরিতে সাংবাদিকতা বিভাগ চালু করলেও নতুনত্ব ও অর্জনের মাধ্যমে অনন্য হতে চায়। প্রথম আলোর সঙ্গে যৌথ উদ্যোগের শিক্ষাবৃত্তি তেমনই একটি অর্জন হয়ে দাঁড়াবে। দেশে বিপুল পরিমাণ আয় করে, এমন অনেক শিল্পপ্রতিষ্ঠান রয়েছে। কিন্তু কোনো শিল্পপ্রতিষ্ঠানের সঙ্গে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর সম্পর্ক তৈরি হয়নি। শিল্পপ্রতিষ্ঠানের তুলনায় গণমাধ্যম প্রতিষ্ঠানের আয় অনেক কম থাকে। সেসব দিক চিন্তা করলে বোঝা যায়, মেধাবৃত্তি উদ্যোগের সঙ্গে যুক্ত হয়ে প্রথম আলো উদারতা ও গভীরতার পরিচয় দিয়েছে। অন্যদের জন্য উদাহরণ সৃষ্টি করেছে।

এই মেধাবৃত্তি অব্যাহত থাকবে জানিয়ে প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান বলেন, শিক্ষার্থীরা আগ্রহী হলে প্রথম আলোতে সাংবাদিকতার যেকোনো বিভাগে তিন থেকে ছয় মাসের ইন্টার্নশিপ করতে পারবেন। দক্ষতা প্রমাণ করতে পারলে নিয়মিত কর্মী হিসেবেও যোগ দিতে পারবেন। সাংবাদিক পদে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েছে প্রথম আলো। সেখানেও শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের নতুন শিক্ষার্থীদের উদ্দেশে প্রথম আলোর সম্পাদক বলেন, ‘দৃষ্টি আরও সম্প্রসারিত করার জন্য বই পড়ুন, গান শুনুন, সিনেমা দেখুন, অন্যান্য যা কিছু করার করুন। জীবনে সবকিছু জানা-বোঝার চেষ্টা করতে হবে। আপনি কতটা জানেন-বোঝেন, সেটার ওপর নির্ভর করে ভালো সাংবাদিকতা। পড়াশোনা, জানা-বোঝার মাধ্যমে জীবনের অর্থ খুঁজে পাওয়া যায়, ভালোবাসা খুঁজে পাওয়া যায়।’

ফলো করুন শেয়ার করুন

বৃত্তিজয়ী শিক্ষার্থী তাসমিম তাবাসসুম চৌধুরী বলেন, গণমাধ্যম ও যোগাযোগ বিষয় তাঁর আগ্রহের জায়গা। এই বৃত্তির মর্যাদা তিনি ধরে রাখার চেষ্টা করবেন।

বৃত্তিজয়ী শিক্ষার্থীর বাবা মো. হাসান ইমাম চৌধুরী মেয়ের সঙ্গে অনুষ্ঠানে এসেছিলেন। পরে তিনি প্রথম আলোকে বলেন, তিনি চান মেয়ে সাংবাদিক হোক। তাঁর দুই সন্তানের মধ্যে তাসমিম বড়। তাসমিম উচ্চমাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করেছেন চট্টগ্রামে।

নর্থ সাউথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে ‘প্রথম আলো-এনএসইউ মেরিট স্কলারশিপ’ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা, ৪ জানুয়ারি | *ছবি : দীপু মালাকার*

সমাপনী বক্তব্যে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান বলেন, প্রথম আলোর সঙ্গে এনএসইউর এই অংশীদারত্বের মাধ্যমে গণমাধ্যমের সঙ্গে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের মধ্যে যোগাযোগের এক অবারিত দরজা খুলে গেল। প্রথম আলোর অনেক অর্জন রয়েছে। এসবের সঙ্গে থাকার সুযোগ তৈরি হলো শিক্ষার্থীদের। সুযোগটি যেন শিক্ষার্থীরা নেন, সেই আহ্বান জানান তিনি।

অনুষ্ঠান উপস্থাপনা করেন বিশ্ববিদ্যালয়ের গণমাধ্যম, যোগাযোগ ও সাংবাদিকতা কর্মসূচির প্রভাষক ও এনএসইউ

ফলো করুন শেয়ার করুন

উপস্থিত ছিলেন এনএসইউর ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ার অধ্যাপক মাহবুবুর রহমান; গণমাধ্যম, যোগাযোগ ও সাংবাদিকতা প্রোগ্রামের সমন্বয়ক সহযোগী অধ্যাপক মো. হারিছুর রহমান; বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষকসহ গণমাধ্যম, যোগাযোগ ও সাংবাদিকতা প্রোগ্রামের নবীন শিক্ষার্থীরা।

উল্লেখ্য, গত বছরের ২৭ নভেম্বর শিক্ষার্থীদের মেধাবৃত্তি দেওয়ার জন্য প্রথম আলো ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়। এর আওতায় এনএসইউর মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (এমসিজে) বিভাগের বসন্ত ও গ্রীষ্মকালীন শিক্ষা মেয়াদে একজন করে মোট দুই শিক্ষার্থী বৃত্তি পাবেন। ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্সেস ইন মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজমে (বিএসএস ইন এমসিজে) ভর্তি পরীক্ষায় শীর্ষ স্থান অর্জনকারী দুই শিক্ষার্থী এই বৃত্তি পাবেন। বৃত্তি পাওয়া শিক্ষার্থীর চার বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত পড়াশোনার ব্যয় প্রথম আলো ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় সমানভাবে বহন করবে।

**প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন**

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো